দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 JAN 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৩

24 pepo11



*প্রশ্নপত্র ফাঁস ও পরীক্ষা পিছানোর প্রতিবাদে ঢাকা কলেজের ছাত্ররা গতকাল রবিবার সড়ক অবরোধ ও বিক্ষোভ মিছিল বের করে*

# ইংরেজি পরীক্ষার বৈধতার দাবিতে ঢাকা কলেজের ছাত্রদের বিক্ষোভ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজি (আবশ্যিক) বিষয়ে বাতিল পরীক্ষাটিকে বৈধতা দিয়ে সব শিক্ষার্থীকে ৪৫ ভাগ নম্বর দেয়ার দাবি জানিয়েছে ঢাকা কলেজের ছাত্ররা। এ দাবিতে ছাত্ররা রবিবার সকালে ১০টা থেকে ১টা পর্যন্ত তিন ঘণ্টাব্যাপী মিরপুর সড়কে বিক্ষোভ করে। এ সময় সায়েন্স ল্যাবরেটরি মোড় থেকে নিলক্ষেত মোড় পর্যন্ত মিরপুর সড়কের দুই পাশেই যান চলাচল বন্ধ করে দেয়া হয়। ফলে রাস্তার উভয়পাশে প্রচণ্ড যানজটের সৃষ্টি হয়। এদিকে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের শাস্তিদান ও বারবার পরীক্ষা স্থগিত না করার দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়কে ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়েছে আন্দোলনরত ছাত্ররা। এ দাবি নিয়ে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর একটি স্মারকলিপি দেয়।

(১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ইংরেজি পরীক্ষার

(১৬শ পৃঃ পর)

গত ১১ নভেম্বর ইংরেজি পরীক্ষা নেয়ার পর প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা বাতিল করে দেয়। গত শনিবার ও রবিবার ওই বিষয়ে আবার পরীক্ষা নেয়ার কথা ছিল। কিন্তু পুনরায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে তা স্থগিত করা হয়।